**FYUGP/Sem-6/BN-CE3**

# 2026
# Bengali (Core)
## Paper Code : BN-CE-6334
### Paper Name : বাংলা ছন্দ ও অলংকার

***Time : 3 hours*** ***Full Marks : 70***

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) স্বরবৃত্ত ছন্দের অন্য নাম কী ?

খ) বাগ্‌যন্ত্রের একক প্রচেষ্টায় উচ্চারিত ধ্বনির নাম কী ?

গ) 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদের এল বান / শিব ঠাকুরের বিয়ে হল তিন কন্যে দান', - কোন ছন্দের উদাহরণ ?

ঘ) মাত্রাবৃত্ত ছন্দে ব্যঞ্জনান্ত অক্ষর কয় মাত্রা ?

ঙ) স্বরবৃত্ত ছন্দে কোন লয় ব্যবহৃত হয় ?

চ) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে' - কোন অলংকার?

ছ) 'উপমা' কী জাতীয় অলংকার ?

জ) অনুপ্রাস অলংকারের একটি শ্রেণিবিভাগ উল্লেখ করো ।

ঝ) 'সোনার হাতে সোনার কাঁকন, কে কার অলংকার' ? - কোন অলংকারের উদাহরণ ?

ঞ) অর্থালংকারের যেকোনো একটি শ্রেণিবিভাগের নাম লেখো ।

২। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) অক্ষয় কয় প্রকার ও কী কী ?

খ) 'গুরু গুরু মেঘ গুমরি গরজে গগনে গগনে' - কোন অলংকার নির্ণয় করে

*Contd.*

অলংকারটির যেকোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

গ) 'সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনি / ধরার আসিল নৌকা বামাস্বর শুনি' - কোন ছন্দের উদাহরণ ? ছন্দটির লয় উল্লেখ করো ।

ঘ) অলংকার কয় প্রকার ও কী কী ?

ঙ) যেকোনো দুটি শব্দালংকারের নাম উল্লেখ করো ।

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও *(যে কোনো চারটি)* : ৫×৪=২০

ক) যতি কাকে বলে ? যতি কয়প্রকার ও কী কী ?

খ) ছন্দ কাকে বলে ? মাত্রাবৃত্ত ছন্দের যেকোনো দুটি বৈশিষ্ট্য লেখো ।

গ) রূপক অলংকারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো ।

ঘ) উদাহরণসহ বিরোধভাস অলংকারের সংজ্ঞা লেখো ।

ঙ) 'নম নম নম সুন্দরী মম জননী বঙ্গভূমি গঙ্গার তীর স্নিগ্ধ সমীর জীবন জুড়াল তুমি' - কোন ছন্দের উদাহরণ ? এই ছন্দের মাত্রাগণনা পদ্ধতি উল্লেখ করো ।

চ) 'বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে' - উদ্ধৃতিটির অলংকার নির্দেশ করে ব্যাখ্যা করো ।

৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে ? উদাহরণসহ স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উল্লেখ করো ।

খ) অনুপ্রাস ও যমক এবং সন্দেহ ও উৎপ্রেক্ষার একটি তুলনামূলক আলোচনা করো ।

গ) অক্ষরবৃত্ত ছন্দ কাকে বলে ? উদাহরণসহ অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য উল্লেখ করো ।

ঘ) উদাহরণসহ সমাযোক্তি অলংকারের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো ।

ঙ) ছন্দলিপি নির্ণয় করো :

i) মুখের কথা নাই বা হলো, বুকের মাঝেই থেকো দিন ফুরাবার আগেই

আমার এই কথাটি রেখো ।

ii) তুমি জীবনের পাতায় পাতায় অদৃশ্য লিপি দিয়া পিতামহদের কাহিনী লিখেছ মজ্জায় মিশাইয়া ।

চ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো :

i) পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি ।

ii) দেখিবারে আঁখি পাখি ধায় ।

■■■